# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা
আইন বিভাগ

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোন ঃ ০২২২৩-৩৮৪৪৮৭
০২৪৭১-২০৫১৬
E-mail- dgmlaw@krishibank.org.bd


নং-প্রকা/আইন-১৯৯৪/২০২৩-২৪/ ১০৭৯

তারিখঃ ০৫/০৫/২০২৪

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ আইনজীবী প্যানেলভূক্তিকরন সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের আইনজীবী প্যানেলভূক্তিকরন সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি বিগত ২৯/০৪/২০২৪ তারিখে বাংলা দৈনিক "প্রথম আলো" ও ইংরেজী দৈনিক "ঢাকা ট্রিবিউন" পত্রিকায় প্রকাশিত হয়েছে। আপনাদের বিভাগের আওতাধীন অঞ্চল সমূহের জেলা আইনজীবী সমিতির দক্ষ যোগ্য আগ্রহী আইনজীবীদেরকে বাংলাদেশ কৃষি ব্যাংকের আইনজীবী প্যানেলভূক্তির আবেদনকরনে উদ্বুদ্ধকরনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি ও আবেদনের নমুনা কপি।

আপনার বিশ্বস্ত

05/05/2024

( মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

১। চিফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
২। স্টাফ অফিসার,উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়গণের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা। (উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৫।উপমহাব্যবস্থাপক,কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬।সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক (বিজ্ঞপ্তিটি আপনাদের আওতাধীন জেলা আইনজীবী সমিতির নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ উপযুক্ত আইনজীবীদেরকে অবহিত করনের অনুরোধ করা হলো)।
৭। অফিস নথি/মহানথি।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইন বিভাগ

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোন ঃ ০২২২৩-৩৮৪৪৮৭
০২৪৭১-২০৫১৬
E-mail- dgmlaw@krishibank.org.bd

# আইনজীবী প্যানেলভূক্তিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্যানেলভূক্ত আইনজীবী নিয়োগ সংক্রান্ত পরিপত্র নং-০৩/২০১৯ এর আলোকে আইনজীবীদের নতুন করে প্যানেলভূক্ত করার লক্ষ্যে আইন পেশায় নিয়োজিত অভিজ্ঞ আইনজীবীদের নিকট থেকে নির্ধারিত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | প্যানেলভুক্ত আইনজীবী | (ক) প্যানেলভুক্তির ক্ষেত্রে প্রার্থীর আইনে স্নাতক ডিগ্রীসহ আইনজীবী হিসেবে বাংলাদেশ বার কাউন্সিলের সনদ থাকতে হবে।<br>(খ) উচ্চ আদালতে মামলা পরিচালনার জন্য প্রধান কার্যালয়, ঢাকায় প্যানেলভূক্তির ক্ষেত্রে প্রার্থীকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ০৮(আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) নিম্ন আদালতে মামলা পরিচালনার জন্য স্থানীয় মুখ্য কার্যালয়, কর্পোরেট শাখাসমূহ এবং মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়সমূহে প্যানেলভূক্তির ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট জেলা জজ আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে **০৫(পাঁচ)** বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্য হতে হবে। |

০২। আইনজীবীদের প্যানেলভুক্তির মেয়াদকাল হবে ০২(দুই) বছর ।

০৩। ব্যাংকে প্যানেলভুক্তির জন্য আইনজীবীগণ কোন সম্মানী/ফিস প্রাপ্য হবেন না। ব্যাংকের পক্ষে মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত কার্যাবলী সম্পাদনের জন্য প্যানেলভুক্ত আইনজীবীগণ ব্যাংকের অনুমোদিত ফিস পূনঃনির্ধারণ সংক্রান্ত নীতিমালা- ২০২৪ অনুযায়ী পেশাগত সম্মানী/ফিস প্রাপ্য হবেন।

০৪। আগ্রহী প্রাথীদেরকে ০২(দুই) কপি পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সাম্প্রতিককালের তোলা ০২(দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, এডভোকেট হিসাবে বাংলাদেশ বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদপত্র, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে তালিকাভুক্তির সনদ (**প্রযোজ্য ক্ষেত্রে**) এবং সংশ্লিষ্ট আইনজীবী সমিতির অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সম্বলিত ০২(দুই) সেট আবেদনপত্র দাখিল করতে হবে। উচ্চ আদালত ও প্রশাসনিক ট্রাইব্যুনাল,ঢাকায় প্যানেলভূক্তির জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, আইন বিভাগের উপমহাব্যবস্থাপক বরাবর এবং ঢাকাসহ অন্যান্য এলাকার নিম্ন আদালতে প্যানেলভুক্তির জন্য ব্যাংকের সংশ্লিষ্ট অঞ্চল প্রধান/ কর্পোরেট শাখার উপমহাব্যবস্থাপক বরাবরে আগামী ৩১-০৫-২০২৪ তারিখের মধ্যে **আবেদন** পৌছাতে হবে। অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য, বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইট www.krishibank.org.bd এর নোটিশ/সার্কুলার এর ০১.০১.২০২০ তারিখের Circular ID 14769 ,14771-এবং ২৯/০২/২০২৪ ইং তারিখের Circular ID 290285 তে বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

**স্বাক্ষরিত**
( মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
আইন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি 'ক'

**আইনজীবী হিসেবে প্যানেলভূক্তির জন্য আবেদনপত্রের নির্ধারিত ছক**

১। নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। স্থায়ী ঠিকানা ঃ

৪। বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর (**ই-মেইলসহ**) ঃ

৫। জন্ম তারিখ ও বর্তমান বয়স ঃ
(............. ইং তারিখে)

৬। শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/**গ্রেড** |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |

৭। আইনজীবী হিসেবে তালিকাভূক্তির তারিখ
ও আইনজীবী সমিতির নাম ঃ

৮। আইন পেশায় অভিজ্ঞতা (অর্থঋণ আদালত/জেলা জজ কোর্ট/প্রশাসনিক ট্রাইব্যুনাল/
সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ/অন্যান্য আদালতে মোকদ্দমা পরিচালনার
অভিজ্ঞতা আলাদা আলাদাভাবে উলেণ্খ করতে হবে)। ঃ

৯। আইন পেশায় বিশেষ ক্ষেত্রে পারদর্শিতা
(ব্যাংকিং আইন ও কোম্পানী আইনের আওতায়
পরিচালিত প্রতিষ্ঠানওয়ারী মোট কেসের সংখ্যা
এবং বিজয়ী ও বিজিত কেসের সংখ্যা উলেণ্খ করতে হবে) ঃ

১০। বর্তমানে অন্য কোন প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে
নিয়োজিত আছেন কিনা, থাকলে প্রতিষ্ঠানের নাম এবং
সময়কাল ঃ

১১। আইনজীবী সমিতির বর্তমান সভাপতি অথবা সম্পাদকের প্রত্যয়নপত্র ঃ

১২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সমূদয় ঃ
সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি এবং দুই কপি
পাসপোর্ট আকারের ফটো

তারিখ ঃ...................

আবেদনকারীর পূর্ণাঙ্গ স্বাক্ষর
(আবেদন কারীর নাম)